

# দৈনিক সংবাদ

Dainik Sambad ePaper

## এ সি এসের সদস্য হলেন রাজ্যের অধ্যাপক

আগরতলা, ২৬ ডিসেম্বর : রামঠাকুর কলেজের কেমেস্ট্রি বিভাগের অধ্যাপক ড: অরিজিৎ দাস আমেরিকান কেমেস্ট্রি সোসাইটির সদস্যপদ লাভ করেছেন। ত্রিপুরা থেকে এই প্রথম কেউ সম্মানীত এই সোসাইটির সদস্যপদ লাভ করলেন। কেমেস্ট্রি বিষয়ে তার বেশ কিছু প্রবন্ধ জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন কেমেস্ট্রি ম্যাগাজিনে প্রকাশিত হয়েছে। তার এই সাফল্যের স্বীকৃতি হিসাবেই তিনি সম্মানীত এই সোসাইটির আমন্ত্রিত সদস্যপদ লাভ করেন। আমেরিকান কেমেস্ট্রি সোসাইটি সারা বিশ্বেই কেমেস্ট্রির গবেষণা ও প্রসারের ক্ষেত্রে বিশেষ মর্যাদা পেয়ে থাকে। কেমেস্ট্রিতে নোবেল পুরস্কারপ্রাপ্ত অনেকেই এই সোসাইটির সদস্য।

Copyright © 2008 Dainik Sambad.